

উপজেলা পরিক্রমা

শিবগঞ্জ

॥ মাহবুবুল আলম ॥

চাঁপাইনবাবগঞ্জ জেলার বৃহত্তম উপজেলা শিবগঞ্জ। এ উপজেলার আয়তন ২০৭.৪৩ বর্গমাইল। লোকসংখ্যা ১৯৮১ সালে আদম শুমারী অনুযায়ী ৩ লাখ ৩৩ হাজার ৫শ' ১০ জন। তার মধ্যে পুরুষ ১ লাখ ৬৭ হাজার ৪শ' ৩৯ জন এবং মহিলা ১ লাখ ৬৬ হাজার ৭১ জন। মুসলমান ৩ লাখ ১৩ হাজার ৫শ' ১০ জন এবং হিন্দু ২০ হাজার। এ উপজেলায় ইউনিয়ন ১৬টি। গ্রাম ৪শ' ৪৬টি। মৌজা ১শ' ৯৮টি। মোট জমির পরিমাণ ১ লাখ ৩২ হাজার ৭শ' ৫৫ একর। তার মধ্যে আবাদযোগ্য জমির পরিমাণ ১ লাখ ১শ' ৩৫ একর। অনাবাদী জমির পরিমাণ ৩২ হাজার ৬শ' ২০ একর।

সেচ

নলকূপ গভীর ১৭টি, অগভীর ৪শ' ৮টি। পুকুর ৪ হাজার ৬৫টি। উৎপাদিত ফসল ধান, গম, কলাই, সরিষা, আলু, ছোলা, মটর, শাক-সব্জী ইত্যাদি।

যোগাযোগ

রাঙ্গা পাকা ১২ মাইল। ইট বিছানো ১৬ মাইল। কাঁচা ৩শ' ৩৯ মাইল।

নদীপথ ৫৪ মাইল।

চিকিৎসা

স্বাস্থ্য কমপ্লেক্স ১টি, দাতব্য চিকিৎসালয় ৮টি, পরিবার পরিকল্পনা কেন্দ্র ৬টি। পশু হাসপাতাল ১টি। বেসরকারী প্রাথমিক বিদ্যালয় ৩৮টি। সরকারী প্রাথমিক বিদ্যালয় ১শ' ১৮টি। জুনিয়র স্কুল ১০টি। মাধ্যমিক বিদ্যালয় ৩২টি। তার মধ্যে বালিকা বিদ্যালয় ৭টি। কিওয়ার গার্টেন ১টি। কলেজ ৭টি। ১টি পিটিআই, ফাজিল মাদ্রাসা ৩টি, আলিম মাদ্রাসা ১টি ও দাখিল মাদ্রাসা ১০টি। এ ছাড়াও বেশ কিছু এবতেদায়ী ও ফৌরকানিয়া মাদ্রাসা আছে। এ ছাড়া গণ-স্বাস্থ্য পরিচালিত ১৪টি নেশ বিদ্যালয় চালু করা হয়েছে।

বিদ্যা

বিদ্যাৎ ব্যবস্থারও তেমন কোন উন্নয়ন হয়নি। অনেক গ্রামেতো বটেই বহু ইউনিয়নেও বিদ্যাৎ পৌঁছেনি। আবার যে সমস্ত স্থানে বিদ্যাৎ আছে, সেখানে সংযোগ বিশেষতঃ মিল কারখানায় সংযোগ নিতে নানা হয়রানির শিকার হতে হয়। বিদ্যাৎ ব্যবস্থার অপ্রতুলতার কারণে শিবগঞ্জ রেশম শিল্পের উন্নয়ন কাজও মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে।